# আত্ তারগীব ওয়াত্ তারহীব

## হাদিস নাম্বারঃ ২১৯

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১. আঙ্গুল সমূহ খিলাল[1] করার প্রতি উদ্বুদ্ধকরণ ও তা পরিত্যাগ করা এবং যে অংশ ধৌত করা ওয়াজিব তাতে শিথীলতা করার প্রতি ভীতি প্রদর্শনঃ ([1] . খিলাল বলা হয়, দু'দাঁতের মধ্যে থেকে খাদ্যের কণা ইত্যাদি বের করার জন্য যে শলা বা কাঠি ব্যবহার করা হয় তাকে। এখানে উদ্দেশ্য হচ্ছে, দাড়ির চুলকে ফাঁক করে তার মধ্যে এবং হাত ও পায়ের দু'আঙ্গুলের ফাঁকে অন্য আঙ্গুল দ্বারা পানি পৌঁছানো।)

### الترغيب في تخليل الأصابع والترهيب من تركه وترك الإسباغ إذا أخل بشيء من القدر الواجب

---

আরবী

(صحيح) وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى رَجُلًا لَمْ يَغْسِلْ عَقِبَيْهِ فَقَالَ وَيْلٌ لِلْأَعْقَابِ مِنْ النَّارِ
وفي رواية أن أبا هريرة رَأَى قَوْمًا يَتَوَضَّؤُونَ مِنَ الْمِطْهَرَةِ ، فَقَالَ : أَسْبِغُوا الْوُضُوءَ ، فَإِنِّي سَمِعْتُ أَبَا الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ : وَيْلٌ لِلْعَرَاقِيبِ مِنَ النَّارِ . رواه البخاري ومسلم والنسائي وابن ماجه مختصرا

বাংলা

২১৯. (সহীহ) আবু  হুরায়রা (রাঃ) হতে বর্ণিত । তিনি বলেন, নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) দেখলেন জনৈক ব্যাক্তি ওযুতে পদদ্বয়ের গোড়বলি ধৌত করেনি। তখন তিনি বললেন ''পায়ের গোড়ালী সমূহের জন্য আগুনের শাস্তি।''[1]

অন্য এক বর্ণনায়ঃ আবু হুরায়রা (রাঃ) কিছু লোককে ওযুর পাত্র হতে ওযু করতে দেখলেন। তখন বললেনঃ তোমরা পরিপূর্ণরূপে ওযু করো। কেননা আমি শুনেছি আবুল কাসেম (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ''গোড়ালী সমূহের জন্য আগুনের শাস্তি। অথবা পদদ্বয়ের পশ্চাদভাগের জন্য আগুনের শাস্তি ।''

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ১৬৫, মুসলিম, নাসাঈ ১/৭৭ ও সংক্ষিপ্ত ভাবে ইবনু মাজাহ)

হাদীছটি আবু হুরায়রা থেকে ইমাম তিরমিযী বর্ণনা করেনঃ নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, ''গোড়ালী সমূহের জন্য আগুনের শাস্তি।'' অতঃপর ইমাম তিরমিযী বলেনঃ[2]

## ফুটনোট

[1] . الويل বা (আল অয়েল) শব্দটির অর্থ হচ্ছে, শাস্তির কারণে দুশ্চিন্তা, কষ্ট ও ধ্বংস। ইবনে হিব্বান আবু সাঈদ খুদরী (রাঃ) থেকে মারফূ’ সূত্রে বর্ণনা করেছেনঃ “অয়েল জাহন্নামের একটি উপত্যকার নাম।” ইমাম বাগাভী বলেন, এ হাদীছের অর্থ হচ্ছেঃ যে সমস্ত লোক পায়ের পিছনের অংশ উদাসীনতা বশতঃ ধৌত করে না বা তার ঐ অংশ শুকনা থেকে যায়, তার জন্য রয়েছে কিয়ামতের দিন কঠিন শাস্তি। তাছাড়া এ সমস্ত হাদীছ প্রমাণ করছে যে, পদদ্বয় ধৌত করা ফরয। মোজা পরিধান ব্যতীত খালি পায়ে মাসেহ্ করলে তা জায়েয হবে না। এ হাদীছ দ্বারা শিয়া-রাফেযী সম্প্রদায়ের দাবী খন্ডন হয়ে গেছে। তারা পদদ্বয় ধৌত না করে মাসেহ্ করে থাকে। [দ্রঃ তোহফাতুল আহওয়াযী হা/৩৯ এর ব্যাখ্যা]

[2] . পরবর্তী ২২০ নং হাদীছটি ইমাম তিরমিযীই বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87979

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন